

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৯৪

আগরতলা, ১৭ সেপ্টেম্বর, ২০২৫

**ইভিএম ব্যালট পেপারকে আরও পাঠযোগ্য
করতে নির্বাচন কমিশনের নির্দেশিকা সংশোধন**

ভারতের নির্বাচন কমিশন (ই.সি.আই.) ১৯৬১ সালের কনডাক্ট অব ইলেকশনস রুলস-এর ৪৯বি. বিধির আওতায় ই.ভি.এম. ব্যালট পেপারের নকশা ও মুদ্রণের বিদ্যমান নির্দেশিকা সংশোধন করেছে, যাতে সেগুলি আরও পরিষ্কার ও পাঠযোগ্য হয়। এই পদক্ষেপটি গত ৬ মাসে নির্বাচন কমিশনের নেওয়া ২৮টি উদ্যোগের সাথে সামঞ্জস্যপূর্ণ, যা নির্বাচন প্রক্রিয়াকে আরও সুশৃঙ্খল ও উন্নত করার পাশাপাশি ভোটারদের জন্য সুবিধাজনক করেছে। এখন থেকে ই.ভি.এম. ব্যালট পেপারে প্রার্থীদের ছবি রঙিন মুদ্রিত হবে। প্রার্থীর মুখ ছবির তিন-চতুর্থাংশ জুড়ে থাকবে যাতে তা আরও স্পষ্টভাবে দৃশ্যমান হয়। প্রার্থী/নোটা-র ক্রমিক নম্বর ভারতীয় সংখ্যার আন্তর্জাতিক রূপে মুদ্রিত হবে। স্পষ্টতার জন্য ফন্ট সাইজ হবে ৩০ এবং তা বোল্ড আকারে থাকবে। অভিন্নতা নিশ্চিত করার জন্য সব প্রার্থী/নোটা-র নাম একই ধরনের ফন্ট ও একই আকারে মুদ্রিত হবে, যা সহজে পড়া যায়। ই.ভি.এম. ব্যালট পেপার ৭০ জি.এস.এম. কাগজে মুদ্রিত হবে। বিধানসভা নির্বাচনের জন্য নির্দিষ্ট আর.জি.বি. মানের গোলাপি রঙের কাগজ ব্যবহার করা হবে। উন্নত ই.ভি.এম. ব্যালট পেপার আসন্ন নির্বাচনে ব্যবহার করা হবে, যা বিহার থেকে শুরু হবে। ভারতের নির্বাচন কমিশন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
